দৈনিক খবর

তারিখ ... 13 OCT 1992 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

৪৬

৪৭/৪৬

### ক্যাম্পাস পরিস্থিতি পর্যালোচনা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন হলে অছাত্র নেই

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম. মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে সকল আবাসিক হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টরদের এক যৌথ সভা গতকাল সোমবার অনুষ্ঠিত হয়েছে। সভায় শরৎকালীন অবকাশের পর বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলার সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করা হয়। হলসমূহের প্রভোস্টগণ জানান, বর্তমানে কোন হলে অছাত্র অবস্থান করছে না। ইতিমধ্যে যেসব ছাত্র/ছাত্রী অন্য হলে অবস্থান করত হল প্রভোস্টদের প্রচারিত বিজ্ঞপ্তির মাধ্যমে আহবানের ফলে তাদের মধ্যে কেউ কেউ স্ব স্ব হলে ফিরে এসেছে এবং আরো কেউ কেউ ফিরে আসার জন্য হল প্রশাসনের সাথে যোগাযোগ করছে। কিন্তু প্রক্টর ছাত্র সংগঠনগুলোকে সংগঠন ওয়ারী ছাত্রদের নাম দিতে বলে যে অনুরোধ পাঠিয়েছিলেন সে সম্পর্কে কোন সাড়া পাওয়া যায়নি। সামগ্রিক অবস্থা পর্যালোচনা করে সকলে এই অভিমত প্রকাশ করেন যে, হলের অভ্যন্তরীণ আইন-শৃংখলা পরিস্থিতি আগের তুলনায় এখন অনেক উন্নততর। অবশ্য হলে সকল দল মত ও সংগঠনের ছাত্র/ছাত্রীর সহ-অবস্থানের পরিবেশ সৃষ্টি হওয়ার পূর্বশর্ত হচ্ছে সকল ছাত্র/ছাত্রীর এবং ছাত্র সংগঠনসমূহের সহযোগিতা। বিশ্ববিদ্যালয় প্রশাসন এ উদ্দেশ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছে। -খবর বিজ্ঞপ্তির।

## পরীক্ষার তারিখ পরিবর্তন

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের বার্ষিক কোর্স পদ্ধতির ২য় বর্ষ বিএ/বিএসএস (সম্মান)-এর যেসব পরীক্ষা ১৭ই অক্টোবর হওয়ার কথা ছিল তা এখন আগামী ১লা নভেম্বর অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে একথা বলা হয়।

পরীক্ষার বিস্তারিত সময়সূচী যথাসময়েজানানোহবে।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১২ই অক্টোবর (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- দুর্গাপূজা, ফাতেহা ইয়াজদহম ও লক্ষ্মীপূজা উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্লাসসমূহ ১লা অক্টোবর থেকে ১১ই অক্টোবর এবং অফিসসমূহ ৬ই অক্টোবর থেকে ১১ই অক্টোবর পর্যন্ত বন্ধ থাকার পর আজ ক্লাস শুরু হয়েছে।